# উন্মুক্ত বিতর্কে তারেক রহমানকে আমন্ত্রণ জামায়াত আমিরের



ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বিএনপির চেয়ারম্যান তারেক রহমানকে প্রকাশ্য মঞ্চে ইশতেহারভিত্তিক আলোচনায় অংশ নেওয়ার আহ্বান জানিয়েছেন।

শুক্রবার (৬ ফেব্রুয়ারি) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ প্রস্তাব তুলে ধরেন।

পোস্টে তিনি বলেন, সুশাসনের ভিত্তি গড়ে ওঠে অবাধ ও গ্রহণযোগ্য নির্বাচনের ওপর। ন্যায়সংগত পরিবেশ ছাড়া কোনো নির্বাচনের ফলই জনগণের আস্থা অর্জন করতে পারে না। জুলাইয়ের পরিবর্তনের পর রাজনীতিকে শালীন, সহনশীল ও সংঘাতমুক্ত ধারায় নেওয়ার দায়িত্ব এখন সবার—বিশেষ করে তরুণ প্রজন্মের কাছে এর প্রমাণ রাখা জরুরি বলেও মন্তব্য করেন তিনি।

LENS ASIA

ডা. শফিকুর রহমান প্রস্তাব দেন, গণমাধ্যম ও জনগণের সামনে দাঁড়িয়ে এমন একটি রাজনৈতিক সংস্কৃতি গড়ে তোলা উচিত, যেখানে স্বচ্ছতা, জবাবদিহি ও সমালোচনার সুযোগ থাকবে। তিনি উল্লেখ করেন, তারেক রহমান ইতোমধ্যে তাঁর পরিকল্পনা ঘোষণা করেছেন—এখন উন্মুক্ত আলোচনায় দুই পক্ষের ইশতেহার জাতির সামনে তুলে ধরা যেতে পারে, যাতে জনগণ নিজেই সিদ্ধান্ত নিতে পারে।

শেষে তিনি বলেন, জনগণের ইচ্ছাকে সম্মান জানিয়ে একটি নতুন রাজনৈতিক অধ্যায়ের সূচনা করাই হওয়া উচিত সবার অঙ্গীকার।